



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মাধ্যমে স্বাক্ষরিত

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি**

১ জুলাই, ২০২৩ - ৩০ জুন, ২০২৪

## সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪	

### কর্মসম্পাদনের সার্বিক চিত্র সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

#### সাম্প্রতিক বছর সমূহের (৩বছর) প্রধান অর্জন সমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নকারী ইউনিট হিসেবে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী ওয়ারার আওতাধীন এলাকা বাতীত রাজশাহী জেলার ০৯টি উপজেলা সহ পৌর এলাকা এবং গ্রোথ সেন্টারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ কার্যালয়ের আওতায় বিপত্ত ৩(তিন) অর্ধবছরে ৭০১৩ টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, পরিকাশনিক নলকূপ, ১২ টি উৎপাদক নলকূপ, ৪৪টি কমিউনিটি ক্যান্টিন, ১২টি পাবলিক টয়লেট, হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ ৫৪ টি, ১৮.৬৫ কিমি পাইপ লাইন, ২.৩৫ কিমি প্রাইমারী ড্রেন, ১৪৭ টি স্কুলে ওয়াশরুম নির্মাণ করা হয়েছে। এছাড়াও রাজশাহী আঞ্চলিক পানি পরীক্ষাগারে বিপত্ত ৩(তিন) অর্ধ বছরে ১১৬৬০ টি পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা করা হয়েছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ

রাজশাহী অঞ্চল বরেন্দ্র এলাকায় অবস্থিত যেখানে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ বাংলাদেশের গড় বৃষ্টিপাতের অধিক। এছাড়াও ভূ-গর্ভস্থ পানির উপর মাত্রাতিরিক্ত নির্ভরতার কারণে পানির স্থিতিতলের (Water Table) ক্রম নিয়মুখিতা, ভূ-গর্ভস্থ জলাধার (Aquifer) এর দুস্থাপ্যতা এ অঞ্চলে সুপেয় পানি প্রাপ্তির প্রধান অগ্রসার। দেশের অন্যান্য স্থানের মতো রাজশাহী বিভাগেও পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ীকরণ ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদান পূর্বক পৃথক বাজেট বরাদ্দকরণ। অধিদপ্তরের অন্যান্য স্থানের মতো রাজশাহী বিভাগীয় দপ্তরের ব্যাপক জনবল সংকট উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে বড় একটি চ্যালেঞ্জ। এছাড়াও সামগ্রিক কাজের মনিটরিং ও মূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িতকরণ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ ব্যবস্থা।

#### ভবিষ্যৎপরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎ পরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি নিরাপদ পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, ইউনিয়ন পর্যায়ে পাইপড ওয়াটার সান্দ্রাই সিস্টেম স্থাপন, স্বাস্থ্যসম্মত উন্নত মানের ক্যান্টিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শত ভাগে উন্নীতকরণ। এছাড়াও রাজশাহী বিভাগ আর্সেনিকমুক্ত ভূ-গর্ভস্থ জলাধার (Aquifer) অন্বেষণ খুবই জরুরী।

#### ২০২২-২৩ অর্ধ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন - ১৮৭২ টি
- গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য কমিউনিটি ভিত্তিক নলকূপ/ উৎস স্থাপন - ০ টি
- গ্রামীণ এলাকায় মিনি পাইপড ওয়াটার সান্দ্রাই স্কিম নির্মাণ - ০৯ টি
- পল্লী/পৌর এলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ক্যান্টিন নির্মাণ - ১০ টি
- পল্লী/পৌর এলাকায় ইম্প্রুভড/ স্বল্প মূল্যে স্যানিটারি ক্যান্টিন নির্মাণ - ৩০০ টি
- পৌর এলাকায় ডেইন নির্মাণ - ১০.০০ কিঃমিঃ
- পরীক্ষাগারে পানির গুণগতমান পরীক্ষা/ পরিবিক্ষণ - ২৩০০ টি
- পানির উৎস স্থাপনের তথ্য এমআইএস ইউনিটে প্রেরণ - ২৩০০ টি
- পৌর এলাকায় ওভারহেড ওয়াটার ট্যাংক নির্মাণ - ০ টি
- পৌর এলাকায় পাইপ লাইন নির্মাণ - ২০ কিঃমিঃ
- উপজেলা অফিস ভবন নির্মাণ - ০ টি

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মাধ্যমে ২০২৩ সালের জুন মাসের ২৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন মুক্তি স্বাক্ষরিত হলে।

এই মুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: